

কৃষিই সমৃদ্ধি

চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারি (Core Contractual Officer & Staff) নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-হর্টেক্স/এনএটিপি-২/নিয়োগ/২০২২-১০৯

তারিখ: ১৩/০৪/২০২২ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্ট্র্যাটেজিক পার্টনার হিসেবে হর্টেক্স ফাউন্ডেশনের অনুকূলে ডিপিপিভুক্ত নিম্নলিখিত পদে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য মাসিক সর্বসাকুল্য বেতনে (Consolidated Pay) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের বিবরণ	সর্বসাকুল্য মাসিক বেতন ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পদের নাম : লোকাল বিজনেস ফেসিলিটেশন (এলবিএফ) পদ সংখ্যা : ০১ (এক) মেয়াদ : প্রকল্প মেয়াদ পর্যন্ত	১৮,০০০/- (টাকা আঠারো হাজার)	ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। কৃষিপণ্য ব্যবসার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। কর্মক্ষেত্রে সিসিএমসি, নকলা, শেরপুর। কর্মক্ষেত্রে অবস্থান করে PO-MMC এবং CIG কৃষকদের সাথে যুক্ত হয়ে সিসিএমসি পরিচালনায় ও ব্যবসা পরিকল্পনা বাস্তবায়নে সহযোগিতা প্রদান।

নিয়োগের শর্তাবলীঃ

- আবেদনপত্রে প্রার্থীকে পদের নাম, নিজের নাম (বাংলা ও ইংরেজিতে), পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল/টেলিফোন নম্বরসহ), জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার নাম, ধর্ম, জাতীয়তা ইত্যাদি উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন (৪র্থ তলা), ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আগামী ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে হাতে হাতে/ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌঁছাতে হবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, নিজ এলাকার পৌর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/ জন্মনিবন্ধন সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে কমপক্ষে ২৫ (পঁচিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- অস্পষ্ট, অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনপত্রের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা নিরীক্ষার পর শুধুমাত্র বৈধ প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা ০৯/০৫/২০২২ তারিখ যথাক্রমে সকাল ১০:০০ টা এবং দুপুর ১১:৩০ টায় অনুষ্ঠিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩/০৪/২০২২

মোঃ মনজুরুল হান্নান
ব্যবস্থাপনা পরিচালক

(ক) অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, কৃষি মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, হটেক্স ফাউন্ডেশন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), পিএমইউ, বিএআরসি চত্বর, নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।
৫. পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ), এনএটিপি-২, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬. মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন এক্সপার্ট/ট্রেনিং ম্যানেজমেন্ট এক্সপার্ট/সাপ্লাই চেইন ও ইন্টিগ্রেশন এক্সপার্ট/পোস্ট হারভেস্ট ম্যানেজমেন্ট এক্সপার্ট, এনএটিপি-২, হটেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা।

(খ) সদয় অবগতি ও দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রদানের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলোঃ

১. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর।
২. উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নকলা, শেরপুর।
৩. যুগ্ম পরিচালক (বিপণন), হটেক্স ফাউন্ডেশন, ঢাকা।
৪. পোস্ট হারভেস্ট এন্ড কোয়ালিটি এস্যুরেন্স স্পেশালিষ্ট, হটেক্স ফাউন্ডেশন, ঢাকা।
৫. হিসাব কর্মকর্তা, এনএটিপি-২, হটেক্স ফাউন্ডেশন, ঢাকা।
৬. অফিস কপি।